



## বিজ্ঞপ্তি

স্মারক নং-৮০.০০.০০০০.১০৩.১১.০০১.২৫-২৮৮

তারিখ: ০১ আষাঢ় ১৪৩৩ বঙ্গাব্দ  
০৫ জুন ২০২৬ খ্রিষ্টাব্দ

**বিষয় :** পররাষ্ট্র মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন ফরেন সার্ভিস একাডেমির “হিসাব রক্ষণ কর্মকর্তা” (৯ম গ্রেড) পদের মৌখিক পরীক্ষার তারিখ, সময়সূচী ও নির্দেশাবলী।

পররাষ্ট্র মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন ফরেন সার্ভিস একাডেমির “হিসাব রক্ষণ কর্মকর্তা” (৯ম গ্রেড) পদে সরাসরি নিয়োগের জন্য লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মধ্যে BPSC Form-5A (Applicant's Copy) জমা দানকারী যোগ্য ০২ জন প্রার্থীর মৌখিক পরীক্ষা নিম্নবর্ণিত তারিখ ও সময়সূচী অনুযায়ী বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকায় অনুষ্ঠিত হবে:

মৌখিক পরীক্ষার তারিখ ও সময়	পদের নাম ও বিজ্ঞপ্তি নম্বর	প্রার্থীদের রেজিস্ট্রেশন নম্বর	মোট প্রার্থীর সংখ্যা
তারিখ: ০২.০৭.২০২৬ সময় : সকাল ১০.০০ ঘটিকা	“হিসাব রক্ষণ কর্মকর্তা” (৯ম গ্রেড) বিজ্ঞপ্তির ক্রমিক নম্বর-৮৮ তারিখ: ২৫.০৩.২০২৫	000107, 000290	২ জন

০২. “হিসাব রক্ষণ কর্মকর্তা” (৯ম গ্রেড) পদের নিম্নবর্ণিত প্রার্থীদের প্রার্থিতা ০৩ নম্বর কলামে বর্ণিত কারণে কর্ম কমিশন কর্তৃক বাতিল করা হয়েছে:

ক্রমিক নং	রেজিস্ট্রেশন নম্বর	বাতিলের Substantive কারণ
(১)	(২)	(৩)
১.	000269=১টি	BPSC Form-5A [Applicant's Copy] বিলম্বে প্রাপ্ত
২.	000023= ১ জন	BPSC Form-5A [Applicant's Copy] সহ অন্যান্য কাগজপত্র/তথ্যাদি জমা দেননি।

০৩. মৌখিক পরীক্ষার সময় সকল শিক্ষাগত যোগ্যতার মূল/সাময়িক সনদ, প্রবেশপত্র, জাতীয় পরিচয়পত্র, নাগরিকত্ব সনদ এবং চাকরির প্রার্থীদের নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক সিল স্বাক্ষরিত এবং পিএসসি কর্তৃক নির্ধারিত ফরমে মূল ছাড়পত্র মৌখিক পরীক্ষার বোর্ডে দাখিল করতে হবে।

০৪. মৌখিক পরীক্ষার জন্য নতুন করে প্রবেশপত্র প্রদান করা হবে না। প্রবেশপত্র হারিয়ে গেলে/নষ্ট হলে কমিশনের ওয়েবসাইট [www.bpsc.gov.bd](http://www.bpsc.gov.bd) এবং টেলিটক বাংলাদেশ লি. এর ওয়েবসাইট <http://bpsc.teletalk.com.bd> থেকে প্রবেশপত্র ডাউনলোড করে সংগ্রহ করা যাবে। প্রবেশপত্র ব্যতীত কোনো প্রার্থীকে মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ দেয়া হবে না।


০৫. মৌখিক পরীক্ষায় অংশগ্রহণকারী প্রার্থীদের নিম্নোক্ত কাগজপত্রের ০১ (এক) সেট সত্যায়িত ফটোকপি সংশ্লিষ্ট মৌখিক পরীক্ষার বোর্ডে অবশ্যই দাখিল করতে হবে। উল্লিখিত কাগজপত্র জমা দানে ব্যর্থ হলে মৌখিক পরীক্ষা গ্রহণ করা হবে না:

- BPSC Form-5A [Applicant's Copy] ০২ (দুই) কপি;
- প্রবেশপত্র ০২ (দুই) কপি;
- শিক্ষাগত যোগ্যতার সকল মূল/সাময়িক সনদসমূহ;
- অভিজ্ঞতার সনদের সত্যায়িত কপি; (প্রযোজ্য ক্ষেত্রে)
- বয়স প্রমাণের জন্য শিক্ষা বোর্ড কর্তৃক প্রদত্ত এসএসসি/সমমানের মূল/সাময়িক সনদের সত্যায়িত কপি; “ও” লেভেল এবং “এ” লেভেল ডিগ্রিধারী প্রার্থীদের ক্ষেত্রে জন্ম তারিখ সংবলিত দালিলিক প্রমাণ জমা দিতে হবে। বয়স প্রমাণের জন্য এফিডিভিট গ্রহণযোগ্য হবে না;

২০২

ক্রমশ/২

- চ) সরকার অথবা স্থানীয় কর্তৃপক্ষের চাকরি থেকে ইস্তফাদানকারী অথবা অপসারিত ব্যক্তিদের ক্ষেত্রে ইস্তফাপত্র গ্রহণ অথবা অপসারণ আদেশের সত্যায়িত ফটোকপি;
- ছ) সরকারি/আধাসরকারি, স্বায়ত্তশাসিত সংস্থায় কর্মরত প্রার্থীদের নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সিল স্বাক্ষরিত ছাড়পত্রের কপি [প্রযোজ্য ক্ষেত্রে];
- জ) অনধিক ৩ মাস পূর্বে তোলা ০৩ [তিন] কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি;
- ঝ) মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র/কন্যাদের ক্ষেত্রে মুক্তিযোদ্ধার প্রমাণক হিসেবে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত প্রয়োজনীয় সনদের সত্যায়িত কপি;
- ঞ) শারীরিক প্রতিবন্ধী প্রার্থীদের সমাজসেবা অধিদপ্তর কর্তৃক জারিকৃত প্রতিবন্ধী সনদ/পরিচয়পত্রের সত্যায়িত কপি [প্রযোজ্য ক্ষেত্রে];
- ট) ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর স্বপক্ষে সংশ্লিষ্ট জেলার জেলা প্রশাসক কর্তৃক প্রদত্ত সনদপত্র [প্রযোজ্য ক্ষেত্রে];
- ঠ) তৃতীয় লিঙ্গের প্রার্থীদের ক্ষেত্রে সিভিল সার্জন কর্তৃক প্রদত্ত সনদ/পরিচয়পত্র [প্রযোজ্য ক্ষেত্রে];
- ড) জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত কপি;
- ঢ) নাগরিকত্ব সনদের সত্যায়িত কপি;
- ণ) প্রার্থী কর্তৃক আবেদনপত্রে উল্লিখিত স্থায়ী ঠিকানা পরিবর্তন হলে কিংবা মহিলা প্রার্থীদের ক্ষেত্রে স্বামীর ঠিকানা ব্যবহার করা হলে প্রার্থীকে পরিবর্তিত স্থায়ী ঠিকানার স্বপক্ষে প্রাক্তন এবং বর্তমান সংশ্লিষ্ট সিটি কর্পোরেশনের মেয়র/কাউন্সিলর/পৌর মেয়র/ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান /নোটারি পাবলিক কর্তৃক স্বাক্ষরিত সনদপত্র।
০৬. উল্লিখিত প্রতিটি ডকুমেন্টস-এর সত্যায়িত কপির উপর প্রার্থীকে তার রেজিস্ট্রেশন নম্বর অবশ্যই লিখতে হবে।
০৭. মৌখিক পরীক্ষার দিন কমিশন চত্বরে (ক্যান্টিনসহ) মোবাইল ফোন ও কোনো প্রকার যোগাযোগ যন্ত্রসহ প্রবেশ ও ব্যবহার সম্পূর্ণ নিষিদ্ধ এবং কর্ম কমিশনের কোনো কর্মকর্তা/কর্মচারীর সাথে আলোচনা বা আলাপচারিতায় মিলিত হওয়া নিষিদ্ধ।
০৮. মৌখিক পরীক্ষার নির্ধারিত সময়ের আধা ঘণ্টা (৩০মি.) পূর্বে সংশ্লিষ্ট মৌখিক পরীক্ষার বোর্ডে অবশ্যই উপস্থিত হতে হবে। নির্ধারিত তারিখে অনুপস্থিত প্রার্থীর পরবর্তীতে মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ থাকবে না।
০৯. কোনো প্রার্থীর ক্ষেত্রে নিয়োগ বিজ্ঞপ্তিতে বর্ণিত শর্তের গুরুতর (Substantive) কোন ঘাটতি পাওয়া গেলে মৌখিক পরীক্ষার পূর্বে বা পরে যে কোনো পর্যায়ে উক্ত প্রার্থীর প্রার্থিতা বাতিল বলে গণ্য হবে।
১০. বিজ্ঞপ্তিটি কমিশনের [www.bpsc.gov.bd](http://www.bpsc.gov.bd) ওয়েবসাইটে পাওয়া যাবে।



(দিলাওয়েজ দুরদানা)

পরীক্ষা নিয়ন্ত্রক (নন-ক্যাডার)

বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়